# আইপিএল থেকে বিসিসিআইর সিদ্ধান্তে বাদ পড়লো মোস্তাফিজ




সংগৃহীত ছবি

আইপিএলের আগামী আসরে কলকাতা নাইট রাইডার্সের জার্সিতে খেলবেন না মোস্তাফিজুর রহমান। ভারতীয় ক্রিকেট বোর্ডের নির্দেশনার পর বাংলাদেশি এই পেসারকে দলে না রাখার সিদ্ধান্ত নিয়েছে ফ্র্যাঞ্চাইজিটি।

শনিবার সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া ঘোষণায় কেকেআর জানায়, বিসিসিআইয়ের সিদ্ধান্ত অনুযায়ী সব আনুষ্ঠানিকতা শেষ করে মোস্তাফিজকে ছাড় দেওয়া হয়েছে। আইপিএল বিধি অনুযায়ী তার পরিবর্তে নতুন খেলোয়াড় নেওয়ার সুযোগও পাবে দলটি।

এর আগে কেকেআরের অফিসিয়াল প্ল্যাটফর্মগুলো থেকে মোস্তাফিজ সংক্রান্ত সব কনটেন্ট সরিয়ে ফেলা হয়। বিসিসিআই সচিব দেবজিৎ সাইকিয়া জানান, সাম্প্রতিক পরিস্থিতি বিবেচনায় নিয়েই বোর্ড এই সিদ্ধান্তে পৌঁছেছে।

ভারতীয় সংবাদমাধ্যমে বলা হচ্ছে, বাংলাদেশ প্রসঙ্গ ঘিরে তৈরি হওয়া আলোচনার পর থেকেই মোস্তাফিজের আইপিএল ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়ে।

উল্লেখ্য, এটি ছিল কলকাতার হয়ে মোস্তাফিজের প্রথম সুযোগ। এর আগে পাঁচটি ফ্র্যাঞ্চাইজির হয়ে আইপিএলে খেলেছেন তিনি। আট মৌসুমে তার উইকেট সংখ্যা ৬৫। ২০১৬ সালে অভিষেকেই পেয়েছিলেন সেরা উদীয়মান খেলোয়াড়ের স্বীকৃতি।

LENS ASIA